
দৈনিক সংবাদ

তারিখ ... 07 OCT 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৪
76



*উদ্ধার করা খাতা, নথরপত্র।* —সংবাদ

## কুমিল্লা বোর্ড ঃ জালিয়াত চক্রের তৎপরতা

# ধর্ম শিক্ষকের বিছানার নিচে থেকে পাওয়া গেল খাতা, মার্কশিট, স্ট্যাম্প

দোহাজারী (চট্টগ্রাম), ৬ই অক্টোবর (সংবাদদাতা)।— দক্ষিণ চট্টগ্রামের লোহাগাড়া থানায় পুলিশ একটি জালিয়াতি চক্রের সন্ধান পেয়েছে। এই চক্রটি দীর্ঘদিন থেকে মোটা অংকের টাকার বিনিময়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন পরীক্ষায় ফেল করা ছাত্রছাত্রীদেরকে পাস করিয়ে দেয়ার নামে প্রতারণা করে আসছে এবং অষ্টম শ্রেণী এমনকি এসএসসি, এইচ এস সি পরীক্ষার সার্টিফিকেটও দিচ্ছে।

গত ১৩ই সেপ্টেম্বর লোহাগাড়া থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে থানার সেনেরহাট বিজি হাই স্কুলের ধর্মীয় শিক্ষক মৌলানা মোহাম্মদ আবদুল ওয়াসেরের বাড়িতে তল্লাশি চালিয়ে তার বিছানার নিচে গোপন ড্রয়ার থেকে কুমিল্লা বোর্ডের পরীক্ষার মূল খাতা, অলিখিত (তবে পরীক্ষা উপনিয়ন্ত্রক, লেখক, প্রতিপাদকের সই করা) মার্কশীট, অতিরিক্ত খাতা, অলিখিত নন-জুডিশিয়াল স্ট্যাম্প, ১৯৯৪'র এস এস সি পরীক্ষার বেশ কিছু ধর্মখাতা এবং অন্য তিনটি স্কুলের ট্যান্সফার সার্টিফিকেট বই ইত্যাদি উদ্ধার করে। উক্ত মৌলানা কুমিল্লা বোর্ডের একজন পরীক্ষক। ধারণা করা হচ্ছে মৌলানা ওয়াসের বড় ধরনের একটি জালিয়াতি চক্রের সক্রিয় সদস্য এবং

কুমিল্লা বোর্ড ঃ পৃঃ ৮ কঃ ৫

## কুমিল্লা বোর্ড ঃ তৎপরতা

( ১ম পৃষ্ঠার পর )

বোর্ডের কিছু অসাধু কর্মকর্তা ও কর্মচারী এই চক্রের সাথে জড়িত।

পুলিশ মৌলানা ওয়াসেরকে গ্রেফতার না করে থানায় একটি সাধারণ ডাইরি লিপিবদ্ধ করেছে।